# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
খুলনা পওর বিভাগ-২
বাপাউবো, খুলনা।
টেলিফোন নং 02-477728024 (অফিস)
02-477728025 (বাসা)
ফ্যাক্স নং 02-477728024
e-mail: xenbwdbkhulna2@gmail.com

Office of the Executive Engineer
Khulna O&M Division-2
BWDB, Khulna.
Telephone No. 02-477728024 (Office)
02-477728025 (Res)
Fax No. 02-477728024
e-mail: xenbwdbkhulna2@gmail.com

স্মারক নং-১১ তারিখঃ ০২/০৭/২০২৩খ্রিঃ।

## "সীমিত দরপত্র পদ্ধতি (LTM) এর আওতায় ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরে অধীন পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ক্রয় ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভুক্ত ও নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪, তারিখঃ ২০/০৭/২০২০খ্রিঃ ও স্মারক নং - ৪২.০১.০০০০.০০৫.২২.০০২.১৯-৮৯, তারিখঃ ০৯/০৩/২০২২খ্রিঃ এর ধারাবাহিকতায় ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির নির্ধারিত আবেদন ফরম এর মূল্য পরিশোধ সাপেক্ষে সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভূক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অব্যহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভূক্তি ফরম বিক্রয় এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।

১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি আবেদন ফরম বিক্রয় ও গ্রহনের তফসিলঃ

| ক্রঃ নং | আবেদনের ধরণ | ফরম বিক্রয় আরম্ভের তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভূক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য/পণ্য) | ০৫/০৭/২০২৩খ্রিঃ | ৩১/০৭/২০২৩খ্রিঃ | ৩১/০৭/২০২৩খ্রিঃ |

২। তালিকাভূক্ত ঠিকাদার/সরবরাহকারীদের নবায়নের তফসিলঃ

| ক্রঃ নং | নিবন্ধন বহি জমাদান আরম্ভের তারিখ | নিবন্ধন বহি জমাদান সমাপ্তির তারিখ | নবায়ন বহি পুনঃ ইস্যু করে ফেরত প্রদান আরম্ভের তারিখ | নবায়ন বহি পুনঃ ইস্যু করে ফেরত প্রদান সমাপ্তির তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | ০৫/০৭/২০২৩খ্রিঃ | ৩১/০৭/২০২৩খ্রিঃ | ১৫/০৮/২০২৩খ্রিঃ | ৩১/০৮/২০২৩খ্রিঃ |

ঠিকাদর/সরবরাহকারী তালিকাভূক্তির প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ

| ক্রঃ নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ০১ | আবেদনের যোগ্যতা | ১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট, ৩) ২৫ লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সি/বিবরণী, ৪) জাতীয় পরিচয়পত্র, ৫) পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি, ৬) প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা, ৭) ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের ৩০০.০০ টাকার স্টাম্পের অঙ্গিকারনামা, ৮) অত্র দপ্তর হতে সরবরাহকৃত আবেদনে উল্লেখিত সকল শর্তাবলী পূরণ করতে হবে। |
| ০২ | আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, খুলনা এর অনুকূলে অত্র দপ্তরে দালিলের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করতে হবে। |
| ০৩ | তালিকাভূক্তির নিবন্ধন ফি | নিবন্ধন ফি ৫০০০ (পাঁচ হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকার পৃথক ২টি অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, খুলনা এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলে মাধ্যমে পরিশোধ করতে হবে। |
| ০৪ | নবায়ন ফি | নবায়ন ফি ২০০০ (দুই হাজার) টাকা ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০.০০ (তিনশত পঞ্চাশ) টাকার পৃথক ২টি অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, খুলনা এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলে মাধ্যমে পরিশোধ করতে হবে। |

৩। তালিকাভূক্তির আবেদনে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে কমিটি কর্তৃক মূল্যায়নের পর নিবন্ধন বহি ইস্যু করা হবে।
৪। ইতোপূর্বে অত্র দপ্তর হতে ইস্যুকৃত নিবন্ধন বহির শর্তাবলী পূরণ সাপেক্ষে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি নবায়ন করা যাবে।

উল্লেখ্য, ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যাতিরেকে ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভূক্তির আবেদনপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতাবান।

(মোঃ আশরাফুল আলম)
নির্বাহী প্রকৌশলী
খুলনা পওর বিভাগ-২
বাপাউবো, খুলনা
আইডি নং-৮৪১২৩১০০৩।

স্মারক নং-১১(৮)
তারিখঃ ০২/০৭/২০২৩খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণ পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা পওর সার্কেল, বাপাউবো, খুলনা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ - গ্রীন রোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা, ১টি ইংরেজি ও ১টি আঞ্চলিক দৈনিক পত্রিকায় সংবাদপত্রে প্রকাশের প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা (তাকে বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, খুলনা।
৭। প্রাক্কলনিক, অত্র দপ্তর।
৮। নোটিশ বোর্ড।

০২/০৭/২০২৩

নির্বাহী প্রকৌশলী
খুলনা পওর বিভাগ-২,
বাপাউবো, খুলনা
আইডি নং-৮৪১২৩১০০৩।